

বইমেলায় দৃশ্য

মানুষের শ্রেষ্ঠ সঞ্জী হল বই। নিঃসঞ্জী মানুষের শ্রেষ্ঠ সঞ্জী, সবচেয়ে বিশ্বস্ত সঞ্জীও বটে। কিন্তু বই কাপড় বা খেলনা নয়, তাই বইমেলায় দৃশ্যও অন্যরকম। বয়স, পেশা, উচ্চ-নীচ কোনো ভেদাভেদ নেই—মেলায় আগন্তুক প্রতিটি মানুষের একটিই পরিচয় : বইপ্রেমী। ছোটো-বড়ো যে আকারেরই দোকান সাজিয়ে প্রকাশকরা বসুন না কেন, তাঁদের সকলেরই দোকানের ভিতরে একটিই জিনিস আছে—বই। নানা বিষয়ের উপর নানা ধরনের বই। মেলা উপলক্ষ্যে যে কোনো লোকের যে কোনো বই হাতে নিয়ে দেখার অধিকার থাকে। তারই ফলশ্রুতি হিসেবে বইমেলায় সবচেয়ে পরিচিত দৃশ্যটি হল : বই হাতে নিয়ে জাতি-ধর্ম-বয়স-নির্বিশেষে নিবিষ্টমনা পাঠক। ‘ভিন্নরুচিহিলোকাঃ’—তাই পাঠকও বিভিন্ন শ্রেণির। কেউ যদি দর্শনের বই হাতে নিয়ে নিবিষ্টমনা হয়ে পড়েন তো পাশের লোকটি হালকা কমিক্স-এর বই দেখেন। প্রকাশক অবশ্য তাতে বিরত নন, কারণ নানা বিষয়ের বই নিয়ে তিনি তাঁর দোকান সাজিয়েছেন। উদ্যোক্তারা ভাবুক পাঠকের কথা ভেবে মেলা প্রাঙ্গণে আলোচনাচক্র, বক্তৃতা ও প্রদর্শনীর আয়োজন করেন। বিশেষ মণ্ডপে কবির স্বরচিত কবিতা পাঠ করেন, সাহিত্যিকরা তাঁদের বইয়ের উপরে নাম সই করে দেন। উৎসাহী পাঠক মণ্ডপে উপস্থিত হয়ে লেখকদের কাছ থেকে নানা জিজ্ঞাসার উত্তর পেতে পারেন। এইভাবে বইমেলা ক্রমশই লেখক ও পাঠকের দূরত্ব ঘুচিয়ে দিচ্ছে, মেলার প্রতি সাধারণ মানুষের আকর্ষণও বাড়ছে। পাঠককে বই কেনায় উৎসাহী করে তুলতে প্রকাশক ও উদ্যোক্তাদের চেষ্টার ত্রুটি নেই। বই কিনলেই একটা নির্দিষ্ট ছাড় তো আছেই, কখনও কখনও এ ছাড়াও প্রকাশকদের কাছ থেকে বাড়তি ছাড় পাওয়ার আশ্বাস থাকে। এইভাবে বইমেলা দোল-দুর্গোৎসব বা রবীন্দ্র-জন্মোৎসবের মতোই আমাদের সংস্কৃতির এক অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে উঠেছে। বই সম্বন্ধে আমাদের সচেতনতাও অনেক বেড়েছে।

ও পাড়ার নন্দ গোঁসাই, আমাদের নন্দ খুড়ো,
স্বভাবেতে সরল সোজা অমায়িক শান্ত বুড়ো।
ছিল না অসুখবিসুখ, ছিল সে মনের সুখে,
দেখা যেত সদাই তারে হুঁকো হাতে হাস্যমুখে।
হঠাৎ কী তার খেয়াল হল, চলল সে তার হাত দেখাতে
ফিরে এল শুকনো সরু, ঠকাঠক কাঁপছে দাঁতে।
শুধালে সে কয় না কথা, আকাশোতে রয় সে চেয়ে।
মাঝে মাঝে শিউরে উঠে, পড়ে জল চক্ষু বেয়ে।

শুনে লোকে দৌড়ে এল, ছুটে এলেন বদ্যিমশাই।
সবাই বলে, কাঁদছ কেন, কী হয়েছে নন্দ গোঁসাই?

(আবো)

শ্রমালী :

১. নন্দ গোঁসাই কে? তাঁর স্বভাব কী রকম ছিল?
২. তিনি কেমন ভাবে দিন কাটাতেন?
৩. তিনি কোথায় গিয়েছিলেন?
৪. ফিরে আসার পর তাঁকে কী অবস্থায় দেখা গেল?
৫. নন্দ গোঁসাইয়ের অবস্থা দেখে সবাই কী করল?
৬. নন্দ গোঁসাইয়ের কী হয়েছিল বলে তোমার মনে হয়?

ব :